

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৩/২০১৫

অভিযোগকারী : জনাব পান্নালাল বাশফোর
পিতা-গনেশ চন্দ্র বাশফোর
ফেয়ার, ৪৫/১ আর এ খাঁন চৌধুরী
সড়ক, (ছয়রাস্তার মোড়)
থানাপাড়া, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : ড. নূর-ই-ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দফতর
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৯-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর ০৩-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১২-১৩ ও ১৩-১৪ সেশনে যে সকল দলিত ও হরিজন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে তাদের প্রাপ্ত নম্বর, পূর্ণাঙ্গ ঠিকানা সহ নামের তালিকা।
- যে নীতিমালার আওতায় দলিত ও হরিজন ছাত্র-ছাত্রীর ভর্তি নেওয়া হয়েছে তার ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৫-১২-২০১৪ তারিখে আপীল কর্মকর্তা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর হাজির। প্রতিপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব মোহাম্মদ আব্দুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। প্রতিপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হননি। কমিশনের সমন পাবার পর বিষয়টি সম্পর্কে জানতে পেরেছেন এবং তথ্য প্রস্তুত করা হয়েছে। অভিযোগকারীকে ৫৮/- টাকা তথ্য মূল্য জমা প্রদানপূর্বক তথ্য সংগ্রহ করতে বলা হয়েছে।

(অ: পৃ: দ্র:)

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য প্রাপ্তির আবেদন পাননি। কমিশনের সমন পাবার পর বিষয়টি সম্পর্কে জানতে পেরে তথ্য প্রস্তুতপূর্বক অভিযোগকারীকে ৫৮/- টাকা তথ্য মূল্য জমা দিয়ে তথ্য সংগ্রহ করতে বলেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার